

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

বিষয়ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের ২৭/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নওয়াব আসলাম হাবীব
পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চট্টগ্রাম
তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.০০ টা
স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় শুদ্ধাচার সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। শুদ্ধাচার বলতে তিনি নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে বুঝিয়েছেন এবং ব্যক্তি পর্যায়ে কর্তব্য নিষ্ঠা ও সততাকে নির্দেশ করেছেন। তিনি বলেন শুদ্ধাচার এমন একটি বিষয় যার মাধ্যমে সেবা গ্রহীতাকে তার প্রাপ্য সেবা আরো সহজে ও কম সময়ে তার কাছে পৌছানো সম্ভব। সেবা প্রত্যাশীদের কাছে স্বচ্ছতার ভিত্তিতে সেবা পৌছানোর জন্য সেবা প্রদান পদ্ধতি গুলোকে ডিজিটাল করার উপর তিনি গুরুত্বারোপ করেন। এতে করে সেবা প্রাপ্তিতে হয়রানির হার কমবে। একই সাথে কর্মচারীদের কাজে স্বচ্ছতা, নীতি-নৈতিকতা প্রশ্নে আপোষহীন হবার নির্দেশনা দেন এবং সেবা প্রদানের ক্ষেত্রে এ কার্যালয়ে বিদ্যমান প্রতিবন্ধকতা সমূহ চিহ্নিত করার জন্য বলেন। কেননা বর্তমান সরকার দুর্নীতির বিষয়ে “জিরো টলারেন্স” নীতি অনুসরণ করছে। তিনি আরও বলেন সরকার সোনার বাংলা গড়ার লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। সমাজ ও সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠা তথা শুদ্ধাচার চর্চার মাধ্যমে সরকারের এ লক্ষ্য বাস্তবায়ন করা সম্ভব বলে তিনি উল্লেখ করেন। এ উদ্দেশ্যে অত্র কার্যালয়ে একটি নৈতিকতা কমিটি গঠনের উপর তিনি গুরুত্বারোপ করেন।

সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. ৫ সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি নিম্নরূপ :

পরিচালক : আহ্বায়ক
উপপরিচালক : সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
সহকারী পরিচালক : সদস্য
সহকারী কল্যাণ অফিসার : সদস্য
হিসাব রক্ষক : সদস্য

২. বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের নিজস্ব ওয়েব সাইটটি সময় সময় হালনাগাদ করতে হবে।

৩. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সময়বদ্ধ কর্মকৌশল বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ এবং প্রতিমাসের ৩য় সপ্তাহে বৃহস্পতিবার শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সভার আয়োজন করতে হবে।

৪. ই-ফাইলিং এর ওপর প্রশিক্ষণের জন্য প্রধান কার্যালয় বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

৪.০ অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০/০

(মোঃ নওয়াব আসলাম হাবীব)
পরিচালক (উপসচিব)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

২৭/২/২০

আনুসঙ্গিকঃ

মন্ত্রণালয়ে (সচিব) বিকেন্দ্রিক, প্রধান কার্যালয়, ঢাকা